মির্জাগঞ্জে কৃষকের ৫টি গরু চুরি

written by Chandradip News24 | October 30, 2024

পটুয়াখালী প্রতিনিধি :: পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায় এক কৃষকের পাঁচটি গরু চুরি হয়েছে। এসব গরুর আনুমানিক মূল্য প্রায় তিন লাখ টাকা। গতকাল মঙ্গলবার রাতে উপজেলার পশ্চিম সুবিদখালী গ্রামে এই চুরির ঘটনা ঘটে।

গরুর মালিক মো. রুস্তম হাওলাদার বলেন, “আমি পশ্চিম সুবিদখালী গ্রামের বাসিন্দা। মঙ্গলবার সন্ধ্যায় আমার বলদ ও গাভিসহ পাঁচটি গরুকে ঘরের পাশে গোয়াল ঘরে বেঁধে রেখে আসি। আজ বুধবার সকালে গরুগুলো গোয়ালঘর থেকে নামাতে গিয়ে দেখি একটি গরুও গোয়াল ঘরে নেই। পাঁচটি গরুই দুর্বৃত্তরা রাতে চুরি করে নিয়ে গেছে।”

এ বিষয়ে দেউলী সুবিদখালী ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য মো. মোশারেফ হোসেনও চুরির বিষয়টি নিশ্চিত করেছেন।

মির্জাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম আহমেদ বলেন, “মঙ্গলবার রাতে রুস্তম হাওলাদার নামের এক কৃষকের পাঁচটি গরু চুরি হয়েছে। বিষয়টি আমাকে জানানো হয়েছে এবং আমরা এ বিষয়ে

তদন্ত করছি। ”